



Love for all
Hatred for none

আহমদীয়া মুসলিম জামা'ত, বাংলাদেশ Ahmadiyya Muslim Jama'at, Bangladesh



ঢাকা, ৫ই ফেব্রুয়ারি, ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

আহমদীয়া মুসলিম জামাত, বাংলাদেশের ৮৬তম সম্মেলন শুরু

পবিত্র কুরআনের প্রকৃত শিক্ষা অনুসরণের আহ্বানের মধ্য দিয়ে আহমদীয়া মুসলিম জামাত, বাংলাদেশের তিন দিনব্যাপী ৮৬তম বার্ষিক সম্মেলন আজ ৪ বকশীবাজার ঢাকায় শুরু হয়েছে।

বিশ্ব আহমদীয়া মুসলিম জামাতের বর্তমান খলিফা হযরত মির্যা মাসরুর আহমদ-এর প্রতিনিধি মাওলানা মোবাস্শের আহমদ কাহলুন এর সভাপতিত্বে উদ্বোধনী অধিবেশন অনুষ্ঠিত হয়। সভাপতির বক্তব্যে মোবাস্শের কাহলুন বলেন, খোদার কালাম কুরআন মজীদের মত কামিল কিতাব এ দুনিয়ায় প্রেরণ করার জন্যই মহানবী হযরত মুহাম্মদ (স.) কে সৃষ্টি করা হয়েছে। তিনি সম্মেলনে আগত সকলকে কুরআন শিক্ষা ও এর চর্চায় জীবন কাটানোর অঙ্গিকারের আহ্বান জানান।

জামাতের জাতীয় আমীর মোহতরম মোবাস্শের উর রহমান তাঁর বক্তব্যে সকলকে স্বাগত জানিয়ে বলেন, সুন্দর শান্তিপূর্ণ আদর্শ পৃথিবী গড়ার জন্য আহমদীয়া জামাতের সদস্যদের ইসলামের সত্যিকার আদর্শ নিজেদের জীবনে প্রতিষ্ঠিত করতে হবে। একইসাথে তিনি ধর্মীয় উগ্রবাদের বদলে শান্তির ধর্ম ইসলামের প্রকৃত বিষয়টি জনগণের সামনে তুলে ধরার জন্য সকলের প্রতি উদাত্ত আহ্বান জানান।

উদ্বোধনী অধিবেশনে 'আল্লাহ জাল্লে জালালুহুর স্বরূপ- তথ্য ও উপলব্ধি' এবং 'মুহাম্মদ রসূল (স.) কুরআনের জীবন্ত প্রকাশ' বিষয়ের উপর বক্তব্য রাখেন যথাক্রমে মাওলানা ইমদাদুর রহমান সিদ্দিকী ও আলহাজ্জ মাওলানা সালেহ আহমদ। সম্মেলনে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ভারত, পাকিস্তান, বাহরাইন, বসনিয়া প্রভৃতি দেশসহ বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল থেকে প্রায় ৬ হাজার প্রতিনিধি অংশ গ্রহণ করছেন।

আগামীকাল সম্মেলনে দেশ-বিদেশের ইসলামী চিন্তাবিদ ও সুশীল সমাজের নেতৃবৃন্দ তাদের বক্তব্য রাখবেন বলে আশা করা যাচ্ছে।

ধন্যবাদান্তে

(কওসার আলী মোল্লা)

ইনচার্জ, প্রেস এবং তথ্য সরবরাহ

৮৬তম জলসা সালানা-২০১০

মোবাইল: ০১৭২৫-০৬৬৭৮১